বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ

...

সভাপতি	মোঃ শোয়েব ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	৩১ মে, ২০২২
সভার সময়	১১.০০ ঘটিকা
স্থান	বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	কোম্পানির সকল মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড ইনচার্জ (তালিকা সংযুক্ত)

সভাপতি মে, ২০২২ মাসে অনুষ্ঠিত কোম্পানির ৬৬তম মাসিক সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। ব্যবস্থাপনা পরিচালক পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী ক্রমান্বয়ে উপস্থাপনের জন্য কোম্পানি সচিব-কে আহ্বান জানান এবং সিদ্ধান্তসমূহের উপর বাস্তবায়ন অগ্রগতি/আলোচনা-পর্যালোচনা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করেন।

আলোচনা:

কোম্পানি সচিব সভাপতির অনুমতিক্রমে সকল মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড ইনচার্জগণের প্রতি শুভেচ্ছা জানিয়ে এপ্রিল ২০২২ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। উক্ত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.০।	অপারেশন ডিভিশন:		

২.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমি দখলমুক্ত রাখার নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সম্প্রতি তিতাস-এ লোকেশন সংলগ্ন কোম্পানির Right of way এর সীমানা খুঁটির পার্শ্বে স্থানীয় জনগন কর্তৃক রাত্রিকালে কিছু খুঁটি স্থাপন করা হয়। বিষয়টি অবগত হয়ে সেগুলো অপসারণের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া, তিতাস ফিল্ডের বিভিন্ন লোকেশনের বাউন্ডারি ওয়াল সংলগ্ন স্থানে কিছু সংখ্যক মাছ চাষের পুকুর তৈরি করা হয়েছে। পুকুরগুলোর জন্য কোম্পানির বাউন্ডারি ওয়াল ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে। সভাকে আরো অবহিত করা হয় যে, কালীগঞ্জ থানাধীন কামতা গ্যাস ফিল্ডের নিরাপত্তা ব্যবস্থা পর্যবেক্ষণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি উলুখোলা বাজার থেকে কামতা ফিল্ড পর্যন্ত কোম্পানির প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way চিহ্নিতকরণের জন্য স্থাপিত সীমানা খুঁটিসমূহ স্থানীয় জনগন কর্তৃক বারবার সরিয়ে ফেলা হচ্ছে বলে জানায়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয় ।	তিতাস ফিল্ডের বিভিন্ন লোকেশনের বাউন্ডারি ওয়াল সংলগ্ন স্থানীয় জনগনের খননকৃত পুকুরসমূহের ক্ষতিকর প্রভাব হতে কোম্পানির বাউন্ডারি ওয়ালসমূহ রক্ষার্থে করণীয় নির্ধারণের জন্য একটি কমিটি-র প্রস্তাব উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল) কর্তৃক মহাব্যবস্থাপক (টিএস) এর মাধ্যমে উপস্থাপন করতে হবে। কালীগঞ্জ থানাধীন উলুখোলা বাজার থেকে কামতা ফিল্ড পর্যন্ত কোম্পানির Right of way চিহ্নিতকরণের নিমিত্ত স্থাপিত সীমানা খুঁটিসমূহ সংরক্ষণের বিষয়ে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক স্থানীয় জনপ্রতিনিধি/ প্রশাসনের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (তিতাস-দঃ)/ (নিরাপত্তা)।
২.২।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির বিভিন্ন স্থাপনার নিরাপত্তা ব্যবস্থায় সংযোজনের লক্ষ্যে প্রধান কার্যালয় ও তিতাস ফিল্ডের জন্য প্রয়োজনীয় সংখ্যক আপগ্রেডেড সিসিটিভি ক্রয়ের নিমিত্ত ঠিকাদারের সাথে চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে। অচিরেই সিসিটিভিসমূহ সংযোজন করা হবে। সভাকে আরো অবহিত করা হয় যে, হবিগঞ্জ, নরসিংদী ও বাখরাবাদ ফিল্ডের সিসিটিভি সংযোজনের নিমিত্ত মুলধনী বাজেটে অর্থের সংস্থান রাখা হয়েছে।	প্রধান কার্যালয় এবং তিতাস ফিল্ডে সিসিটিভি সংযোজন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। হবিগঞ্জ, নরসিংদী ও বাখরাবাদ ফিল্ডের সিসিটিভি সংযোজন কাজ বাজেট অনুমোদন সাপেক্ষে ক্রমান্বয়ে সম্পাদন করতে হবে।	মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ

২.৩।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির বিভিন্ন ফিল্ড/স্থাপনার পরিষ্কার-পরিচ্ছন্নতা অব্যাহত রাখতে পুরনো/ভাঙ্গা/জংধরা স্ক্র্যাপ মালামালসমূহ অপসারণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	কোম্পানির বিভিন্ন ফিল্ড/স্থাপনার পরিষ্কার-পরিচ্ছন্নতা অব্যাহত রাখতে পুরনো/ভাঙ্গা/জংধরা স্ক্র্যাপ মালামালসমূহ জরুরি ভিত্তিতে যথাযথ বিধি অনুসরণপূর্বক অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (অপারেশন)/ (রক্ষণাবেক্ষণ) এবং সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ
২.৪।	নরসিংদী ফিল্ড :		
	সভাকে অবহিত করা হয় যে, নরসিংদী ফিল্ড সংলগ্ন ঢাকা-সিলেট মহাসড়কের লেন বৃদ্ধিকরণের সরকারি উদ্যোগের পরিপ্রেক্ষিতে নরসিংদী-এ লোকেশনের সম্মুখভাগের অধিগ্রহণতব্য জায়গার তথ্য সড়ক ও জনপদ বিভাগ থেকে সংগ্রহ করা হয়েছে। তদনুযায়ী পুরকৌশল-পরিকল্পনা প্রণয়নের জন্য একটি কনসালটেন্ট ফার্মকে দায়িত্ব প্রদান করা হয়েছে।	ঢাকা-সিলেট মহাসড়কের লেন বৃদ্ধিকরণ কার্যক্রমে নরসিংদী-এ লোকেশনের সম্মুখভাগের ভূমি অধিগ্রহণ হলে তদস্থলে কোম্পানির পুরকৌশল-পরিকল্পনা সংশ্লিষ্ট কনসালটেন্ট ফার্ম কর্তৃক প্রণয়ন করে সভায় উপস্থাপন করতে হবে।	মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (নরসিংদী)
৩.০।	পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :		
৩.১।	সভাকে অবহিত করা হয় যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের লক্ষ্যে পুনঃ দরপত্র বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত ৫টি দরপত্রের কারিগরি এবং আর্থিক মূল্যায়ন সম্পাদন করা হচ্ছে। শীঘ্রই কার্যাদেশ প্রদান করা হবে।	তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস)/ (পিডি) এবং উপ-মহাব্যবস্থাপক (সিভিল)/ (ইএস)
৩.২।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ফিল্ড/ স্থাপনাসমূহের জন্য Fire License এবং Environmental License সংগ্রহের ব্যবস্থা নেওয়া হচ্ছে।	কোম্পানির ফিল্ড/স্থাপনাসমূহের জন্য Fire License এবং Environmental License সংগ্রহ করতে হবে।	মহাব্যবস্থাপক (অপারেশন)এবং উপ-মহাব্যবস্থাপক (ইএস) ও সকল ফিল্ড ইনচার্জ

৩.৩।	সভাকে অবহিত করা হয় যে, প্রকল্প সমাপনান্তে left-over মালামাল অন্য প্রকল্পে বা কোম্পানির কাজে ব্যবহারের নিমিত্ত প্রচেষ্টা অব্যাহত আছে। প্রকল্পের left-over বিভিন্ন পাইপসমূহ বিক্রয়ের নিমিত্ত মালামাল অবলোপন কমিটি কর্তৃক উক্ত মালামালসমূহ পুনঃমূল্যায়ন করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। সভাকে আরো অবহিত করা হয় যে, বাস্তবায়িতব্য ৪টি কূপের ওয়ার্কওভার প্রকল্পের প্রকল্প-কনসালটেন্ট নিয়োগের TOR-এ প্রকল্প সমাপ্তকালে ব্যবহারযোগ্য ও স্ক্র্যাপসহ left-over মালামালের তালিকা সিল ও স্বাক্ষরসহ বইআকারে জমা প্রদানের শর্ত সংযোজনের উদ্যোগ গ্রহণ করা যেতে।	প্রকল্প সমাপনান্তে left-over মালামাল অন্য প্রকল্পে বা কোম্পানির কাজে ব্যবহারের নিমিত্ত অধিকতর প্রচেষ্টা চালাতে হবে। বাস্তবায়িতব্য ৪টি কূপের ওয়ার্কওভার প্রকল্পের প্রকল্প-কনসালটেন্ট নিয়োগের TOR-এ প্রকল্প সমাপ্তকালে ব্যবহারযোগ্য ও স্ক্র্যাপসহ left-over মালামালের তালিকা সিল ও স্বাক্ষরসহ বইআকারে জমা প্রদানের শর্ত সংযোজনের ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক (পিডি) ও সকল মহাব্যবস্থাপক এবং উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও সকল প্রকল্প পরিচালক
৪.০।	কম্প্রেসর এন্ড জেনারেটর ডিভিশন :		
৪.১।	আলোচনাকালে কোম্পানির কামতা গ্যাস ফিল্ডে উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে বিধায় ফিল্ডের আর্থিক ও প্রশাসনিক নিয়ন্ত্রণের দায়িত্বভার সুনির্দিষ্টকরণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। কোম্পানির সাংগঠনিক কাঠামোতে উক্ত ফিল্ডটি কম্প্রেসর এন্ড জেনারেটর (সিজি) ডিভিশনের অধীনস্থ থাকায় কামতা ফিল্ডের আর্থিক ও প্রশাসনিক পরিচালনার দায়িত্ব সিজি ডিভিশনের অধীনে অর্পণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	পুনরাদেশ না দেয়া পর্যন্ত কোম্পানির কামতা গ্যাস ফিল্ডের আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম মহাব্যবস্থাপক (সিজি) এর অধীনে পরিচালিত হবে।	মহাব্যবস্থাপক (সিজি) ও সকল মহাব্যবস্থাপক এবং উপ-মহাব্যবস্থাপক (নিরাপত্তা)

৪.২।	সভা অবহিত হয় যে, দেশের বৃদ্ধিপ্রাপ্ত তাপমাত্রার পরিস্থিতি বিবেচনায় কোম্পানির আবাসনে বসবাসকারী অনেক কর্মকর্তা কর্তৃক নিজ খরচে বাসায় এসি স্থাপনের অনুমোদন প্রত্যাশা করা হয়েছে। বিষয়টি মানবিক বিবেচনায় অনুমোদনযোগ্য মর্মে অভিমত ব্যক্ত করে সভায় কর্তৃপক্ষের দিক নির্দেশনা চাওয়া হয়।	ব্যবস্থাপক এবং তদুর্ধ্ব কর্মকর্তাগণ কর্তৃক কোম্পানির আবাসন/ ডরমিটরিতে নিজ খরচে এসি স্থাপনের ক্ষেত্রে প্রয়োজনীয় বিদ্যুৎ-লোড সংক্রান্ত তথ্য-উপাত্ত কর্তৃপক্ষ বরাবর উপস্থাপনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলোঃ ক) মহাব্যবস্থাপক (সিজি) খ) উপ-মহাব্যবস্থাপক (তিতাস) দক্ষিণ গ) উপ-মহাব্যবস্থাপক (পিজিএফএমটি) ঘ) উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)	
৫.০।	রক্ষণাবেক্ষণ ডিভিশন :		
৫.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির জন্য ওয়েব ক্লাউড সংগ্রহ করা হয়েছে। শীঘ্রই ওয়েব ক্লাউডের মাধ্যমে কোম্পানির বিভিন্ন সফটওয়্যার এর অনলাইন অপারেটিং ও ডাটা স্টোরেজ কার্যক্রম পরিচালনা করা যাবে।	ওয়েব ক্লাউড সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করে মহাব্যবস্থাপক (মেইন্টঃ) কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করবেন। ওয়েব ক্লাউডের মাধ্যমে কোম্পানির বিভিন্ন সফটওয়্যার এর অনলাইন অপারেটিং ও ডাটা স্টোরেজ কার্যক্রম পরিচালনা করে এর ফলপ্রসুতা পর্যবেক্ষণ করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং কমিটির সদস্যবৃন্দ ও উপ-মহাব্যবস্থাপক (হিসাব)
৬.০।	টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:		
৬.১।	সভাকে অবহিত করা হয় যে, পেট্রোবাংলার মালামাল অবলোপন নীতিমালার অনুসরণে কোম্পানির এরূপ নীতিমালা পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদন হয়েছে। অনুমোদিত নীতিমালার আলোকে গঠিত কমিটি কর্তৃক কোম্পানির অবলোপন/অপসারণ/নিলামে বিক্রয়যোগ্য পণ্যের সারণী প্রণয়ন এবং আর্থিক পুনঃ মূল্যায়নের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	কোম্পানির সকল ধরণের অবলোপন/ অপসারণ/ নিলামে বিক্রয়যোগ্য পণ্যের সারণী প্রণয়ন এবং আর্থিক পুনঃ মূল্যায়নের উদ্যোগ সংশ্লিষ্ট কমিটি কর্তৃক সম্পাদনের ব্যবস্থা করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং সকল ফিল্ড ইনচার্জ
৬.২।	বৈদেশিক সংগ্রহ বিভাগ :		

	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির বৈদেশিক সংগ্রহ কার্যক্রমে বিদ্যমান আন্তর্জাতিক দরপত্র মূল্যায়ন কমিটি (Foreign Procurement Evaluation Committee) পুনর্গঠন করা প্রয়োজন মর্মে উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) সভার দৃষ্টি আকর্ষণ করেন। সভাকে আরো অবহিত করা হয় যে, কোম্পানির পরিচালনা পর্ষদের নির্দেশনা মোতাবেক দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ ও প্রাপ্ত দরপত্রের মূল্যায়নের মধ্যবর্তী সময়ে ৩ সদস্য-বিশিষ্ট একটি কমিটি গঠন এবং কমিটি কর্তৃক সংশ্লিষ্ট কাজের আপডেট প্রাক্কলিত ব্যয় প্রণয়ন করে মুখবন্ধ খামে ব্যবস্থাপনা পরিচালক বরাবর জমা প্রদান করা হচ্ছে।	কোম্পানির বৈদেশিক সংগ্রহ কার্যক্রমে বিদ্যমান আন্তর্জাতিক দরপত্র মূল্যায়ন কমিটি (Foreign Procurement Evaluation Committee) পুনর্গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কোম্পানির পরিচালনা পর্ষদের নির্দেশনা মোতাবেক এবং পিপিআর-এর শর্তানুযায়ী দরপত্র বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত দরপত্রের মূল্যায়নের অন্তবর্তী সময়ে ৩ সদস্য-বিশিষ্ট একটি কমিটি গঠন এবং উক্ত কমিটি কর্তৃক সংশ্লিষ্ট কাজের আপডেট প্রাক্কলিত ব্যয় প্রণয়ন করে মুখবন্ধ খামে ব্যবস্থাপনা পরিচালক বরাবর জমা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস)/(প্রশাসন) এবং উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ)
৬.৩।	পুরকৌশল বিভাগ :		
	সভাকে অবহিত করা হয় যে, ব্রাহ্মণবাড়িয়া-কুমিল্লা মহাসড়কের প্রশস্তকরণ এবং ফ্লাইওভার নির্মাণ কার্যক্রমের পরিপ্রেক্ষিতে কোম্পানির প্রধান কার্যালয়ের সন্মুখভাগের সৌন্দ্যর্য রক্ষার্থে উক্ত নির্মাণ কার্যক্রমের পুরকৌশল-পরিকল্পনা সম্পর্কে অবগত হওয়ার জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের দপ্তরের সাথে যোগাযোগ করা প্রয়োজন।	কোম্পানির প্রধান কার্যালয়ের সন্মুখভাগের সৌন্দ্যর্য রক্ষার্থে ব্রাহ্মণবাড়িয়া-কুমিল্লা মহাসড়কের প্রশস্তকরণ এবং ফ্লাইওভার নির্মাণ কার্যক্রমের পুরকৌশল-পরিকল্পনা সম্পর্কে অবগত হওয়ার জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের দপ্তরের সাথে যোগাযোগ করতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস) এবং উপ-মহাব্যবস্থাপক (পুরকৌশল)
৬.৪।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:		
	সভাকে অবহিত করা হয় যে, APA এর আওতাধীন কৌশলগত বিষয়সমূহ যথা: জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (E-Gov. & Innovation), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter), তথ্য অধিকার (RTI) প্রভৃতির বাস্তবায়ন সংক্রান্ত সরকারের যাচিত তথ্য/উপাত্ত/প্রতিবেদন যথাসময়ে ও যথাযথভাবে উপস্থাপন করা হচ্ছে।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৭.০।	প্রশাসন ডিভিশন:		

৭.১।	সভাকে অবহিত করা হয় যে, সংগৃহীত সার্ভিস রেকর্ড সফটওয়্যারে কর্মকর্তা ও কর্মচারীর ডাটা এন্ট্রি কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ প্রেক্ষিতে কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক নিজ নিজ ডাটা অনলাইন অবলোকনের ব্যবস্থা করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। তদ্‌প্রেক্ষিতে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সভায় মতামত ব্যক্ত করেন যে, এ বিষয়ে সংশ্লিষ্ট সফট্‌ওয়ার প্রোভাইডারের সাথে যোগাযোগ করা যেতে পারে।	কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে এন্ট্রিকৃত কর্মকর্তা ও কর্মচারীগণের নিজ নিজ ডাটা অনলাইন-অবলোকনের প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)/সংস্থাপন
৭.২।	সভাকে অবহিত করা হয় যে, অফিস সময়সূচি অনুসরণের হার সন্তোষজনক হলেও কিছু কিছু ব্যত্যয় পরিলক্ষিত হয়। তাছাড়া, সকল কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক অফিসে ড্রেসকোড অনুসরণের বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য ডিভিশনাল ও বিভাগীয় প্রধানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়। আলোচনাকালে ব্যবস্থাপনা পরিচালক কোম্পানির ফিল্ডসমূহ বা ফিল্ডের উন্নয়ন কার্যক্রম বা কম্প্রেসর স্থাপন/প্রকল্প কার্যক্রম পরিদর্শনকালে উর্ধ্বতন কর্তৃপক্ষ ও কর্মকর্তাগণকে প্রদানের জন্য সাদা এবং হলুদ রঙের কিছু সেফটি হেলমেট জরুরি ভিত্তিতে সংগ্রহ করা যেতে পারে মর্মে পরামর্শ প্রদান করেন।	কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক অফিস সময়সূচী যথাযথভাবে অনুসরণ এবং ড্রেসকোড মেনে চলার বিষয়ে ডিভিশনাল এবং বিভাগীয় প্রধানগণকে তৎপর ও সচেষ্ট থাকতে হবে। কোম্পানির ফিল্ডসমূহ বা ফিল্ডের উন্নয়ন কার্যক্রম বা কম্প্রেসর স্থাপন/প্রকল্প কার্যক্রম পরিদর্শনকালে উর্ধ্বতন কর্তৃপক্ষ ও কর্মকর্তাগণকে প্রদানের জন্য সাদা এবং হলুদ রঙের কিছু সেফটি হেলমেট জরুরি ভিত্তিতে সংগ্রহ করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং সকল ফিল্ড ইনচার্জ
৭.৩।	পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/Endorsement করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/ Endorsement করার নিমিত্ত পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)
৭.৪।	সভাকে অবহিত হয় যে, অনুমোদিতব্য TOE মোতাবেক বাজেট অনুমোদন সাপেক্ষে পর্যায়ক্রমে যাচিত সংখ্যক কম্পিউটার সংগ্রহ করা যাবে।	অনুমোদিত TOE মোতাবেক বাজেট অনুমোদন সাপেক্ষে পর্যায়ক্রমে বিভিন্ন ডিভিশন ও বিভাগ কর্তৃক যাচিত সংখ্যক কম্পিউটার সংগ্রহ করতে হবে।	সকল মহাব্যবস্থাপক এবং উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

৭.৫।	আলোচনাকালে সভার দৃষ্টি আকর্ষণ করে উপ-মহাব্যবস্থাপক (বৈদেশিক সংগ্রহ) উল্লেখ করেন যে, কর্মকর্তা ও কর্মচারীগণের সন্তান/নির্ভরশীলদের ভাল একাডেমিক ফলাফলের জন্য কোম্পানি কর্তৃক বৃত্তি প্রদান করা হয় যা অত্যন্ত প্রশংসনীয়। তবে, উক্ত বৃত্তির টাকা অত্যন্ত অপ্রতুল বলে প্রতীয়মান। বাস্তবতার নিরিখে শিক্ষার্থীদের জ্ঞান অর্জনে অধিকতর উৎসাহ প্রদানের লক্ষ্যে বিদ্যমান বৃত্তির পরিমাণ বৃদ্ধি করা যেতে পারে।	শিক্ষার্থীদের জ্ঞান অর্জনে অধিকতর উৎসাহ প্রদানের লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারীগণের সন্তান/নির্ভরশীলদের ভাল একাডেমিক ফলাফলের বিপরীতে কোম্পানি প্রদত্ত বৃত্তির পরিমাণ বৃদ্ধির প্রস্তাবনা পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)
৭.৬।	নিরাপত্তা বিভাগ :		
	সভা কোম্পানির নিরাপত্তা প্রহরীর সংকটের বিষয়টি অবহিত হয়। কোম্পানির সার্বিক নিরাপত্তার স্বার্থে নিয়োগ প্রক্রিয়া তরান্বিত করার পাশাপাশি প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োজিত করার নিমিত্ত ব্রাহ্মণবাড়িয়া জেলা আনসার অ্যাডজুটেন্ট-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে পরামর্শ প্রদান করা হয়।	কোম্পানির সার্বিক নিরাপত্তার স্বার্থে প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োজিতকরণের লক্ষ্যে মহাব্যবস্থাপক (প্রশাসন) ঢাকাস্থ আনসার সদর দপ্তরে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	মহাব্যবস্থাপক (প্রশাসন)
৭.৭।	মেডিক্যাল বিভাগ :		
	সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ ফিল্ডে একজন রিটেইনার ডাক্তার নিয়োজিত করা হয়েছে। কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং পাশাপাশি বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণের বিষয়ে সকল কর্মকর্তা ও কর্মচারীর সার্বিক সহযোগিতা প্রত্যাশা করা হয়।	কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে।	সকল মহাব্যবস্থাপক ও সকল উপ-মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট কমিটি
৭.৮।	মানবসম্পদ বিভাগ:		
	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির চলমান লোকবল সংকটের অবস্থা বিবেচনা করে নিয়োগ কার্যক্রম তরান্বিত করা প্রয়োজন।	কোম্পানির পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুসরণপূর্বক কর্মকর্তা-কর্মচারী নিয়োগ কার্যক্রম সুষ্ঠু এবং দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ উপ-মহাব্যবস্থাপক (এইচআর)
৮.০।	আর্থিক ও হিসাব কার্যক্রম :		

৮.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণে সকলের সচেষ্ট থাকা প্রয়োজন।	সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে অধিকতর সচেষ্ট হতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ
৮.২।	সভাকে অবহিত করা হয় যে, ই-নথির আপগ্রেড ভার্সন ডিজিটাল নথির (ডি-নথি) উপর কোম্পানির কর্মকর্তাদের অংশগ্রহণে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সরকারের ডি-নথি বাস্তবায়ন কমিটি কর্তৃক সহসাই বিজিএফসিএল-এর জন্য ডি-নথি চালু করা হবে বলে আশা করা যাচ্ছে।	ডিজিটাল নথি বা ডি-নথির উপর প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। বিজিএফসিএল-এ ডি-নথি দ্রুত চালুকরণের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ প্রকল্প পরিচালক
৯.০।	কোম্পানি সচিবালয় :		
৯.১।	মুজিব কর্ণার স্থাপন:		
	সভাকে অবহিত করা হয় যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জাতীয় জীবনের স্মৃতিময় অবদানকে চিরন্তন করে রাখার প্রয়াসে প্রধান কার্যালয়ে মুজিব কর্ণার স্থাপন করা হচ্ছে। পেট্রোবাংলার অন্যান্য কোম্পানির জন্য সংশ্লিষ্ট কাজ সম্পাদনকারী ইনটেরিয়র ডিজাইনারদের নিকট থেকে কিছু প্রস্তাব/পরিকল্পনা পাওয়া গেছে। মহাব্যবস্থাপকগণের সভায় এতদ্‌সংক্রান্ত ডিজাইন/কর্মপরিকল্পনা চূড়ান্ত করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	প্রধান কার্যালয়ের প্রবেশ মুখে মুজিব কর্ণার স্থাপনের ডিজাইন/ কর্মপরিকল্পনা মহাব্যবস্থাপকগণের সভায় চূড়ান্ত করে কাজটি সম্পাদনের পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।	কোম্পানি সচিব

সভার শেষ পর্যায়ে সভাপতি ধৈর্য্য ধরে সভায় অংশগ্রহণের জন্য উপস্থিত সকল কর্মকর্তার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থাপিত বিষয়াবলীর প্রতি আন্তরিক কর্মপ্রচেষ্টা প্রত্যাশা করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১৭ জ্যৈষ্ঠ, ১৪২৯
৩১ মে, ২০২২

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২২.৮৯

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯
০৮ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

২) সচিব (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩) মহাব্যবস্থাপক (সকল), বিজিএফসিএল।

৪) উপ-মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক (সকল), বিজিএফসিএল।

৫) ব্যবস্থাপক (মেঘনা), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৬) ব্যবস্থাপক (আইডব্লিউটি), ইনফরমেশন এন্ড ওয়েবসাইট টেকনোলজি শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৭) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৮) উপ-ব্যবস্থাপক, সিলিমপুর প্লান্ট, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোঃ হাবীবুর রহমান
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক